৭ অক্টোবর ২০২৩ ইসরায়েল ওপর আকস্মিক হামলা চালায় ফিলিস্তিনি স্বাধীনতাকামী সংগঠন হামাস। এর ফলে শুরু হয় রক্তক্ষয়ী ইসরায়েল-হামাস যুদ্ধ।

সাম্প্রতিক যুদ্ধ

হামাস সাম্প্রতিক হামলাকে 'অপারেশন আল-আকসা ফায়ার' নামে অভিহিত করে। হামাসের সামরিক শাখা আল-কাসসাম ব্রিগেড এ অপারেশনের নাম দেয় 'অপারেশন আল-আকসা ফায়ার'। ৭ অক্টোবর ২০২৩ ইসরায়েলি বাহিনী 'অপারেশন অয়রন সোর্ডস' নামে নির্বিচারে গাজার বিমান ও ফ্লেশপাস্ত্র হামলা চালায়। ইসরায়েলের পক্ষা হামলায় গাজার শত শত বাড়ি-ঘর ও হাজার হাজার মানুষ নিহত হয়। ৮ অক্টোবর ২০২৩ ইসরায়েলের নিরাপত্তাবিষয়ক মন্ত্রিসভা কমিটি দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুকে সামরিক পদক্ষেপ গ্রহণের অনুরোধন দেয় এবং যুদ্ধকালীন মন্ত্রীসভা গঠন করে। গাজার ইসরায়েলের হামলার প্রতিবাদে কমান্ড ও ফ্লেশপাস্ত্র হামলা চালায় সিরিয়া ও লেবাননের হিজবুল্লাহ সশস্ত্র সংগঠন। এ যুদ্ধকে আরও প্রসারিত করার যে কোনো প্রচেষ্টা ঠেকাতে এবং ইসরায়েলবিরোধী যেকোনো পদক্ষেপ নিবৃত্ত করতে পূর্ব-ভূমধ্যসাগরে দ্বিতীয় বিমানবাহী রণতরী ও স্ট্রাইক গ্রুপ পাঠায় যুক্তরাষ্ট্র। এরপর ইসরায়েলের কাছে পূর্ব-ভূমধ্যসাগরে রাজকীয় নৌবাহিনীর জাহাজ নোতায়নের ঘোষণা দেয় যুক্তরাজ্য।

গাজা : বিশ্বের উন্মুক্ত কারাগার

বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ এবং দরিদ্র একটি অঞ্চল গাজা। গাজা উপত্যকা ৪১ কিমি দীর্ঘ এবং ১০ কিমি প্রশস্ত একটি অঞ্চল। ইসরায়েল, মিসর এবং ভূমধ্যসাগরের মধ্যে অবস্থিত। এখানে প্রায় ২.৩ লাখ মানুষ বসবাস করে। ৪৫ কাঁকিলেমাটার আয়তনের অল্প গাজা বিশ্বের সর্বোচ্চ ঘনবসতিপূর্ণ এলাকার মধ্যে একটি। প্রাচীন মিসরীয় যুগ থেকে শুরু করে খ্রিষ্টের কয়েকশ বছর পূর্ব পর্যন্ত, এমন ১৬ শতকে অটোমান সাম্রাজ্যের পতন পর্যন্ত বিভিন্ন রাজবংশ, সাম্রাজ্য এবং ব্যক্তি এ গাজা উপত্যকাকে শাসন, ধ্বংস ও পুনরুদ্ধার করে আসে। কয়েকশতাব্দী ধরে, রোমান সাম্রাজ্য বা মুসলিম জেনারেল আরা ইবনে আল-আস এ গাজা উপত্যকা জয় করেন। ১৯৪৭ সালে জাতিসংঘের সাধারণ পরিষদে ফিলিস্তিনি ভূখণ্ডকে বিখণ্ডিত করা সংক্রান্ত ১৮১ নম্বর প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবে ইউনিটের জন্য ভূখণ্ডের ৫৫% গাজা উপত্যকাসহ বাকি অংশ আরবদের জন্য বরাদ্দ করা হয় এবং প্রস্তাবনা ১৯৪৮ সালের মে মাসে কার্যকর হয়। যার ফলে ফিলিস্তিনের ব্রিটিশ ম্যান্ডেটের অবসান ঘটে এবং ইসরায়েল রাষ্ট্র গঠন হয়। ১৯৪৮ সালের আরব-ইসরায়েল যুদ্ধের পর গাজা উপত্যকা মিসরের দখলে চলে যায় এবং তাদের দ্বারা শাসিত হয়। তবে সে নিয়ন্ত্রণ থাকে ১৯৬৭ সাল পর্যন্ত। ৫ বছর ইসরায়েলের সাথে মিসর জর্ডান ও সিরিয়ার মধ্যে ছয় দিনের যুদ্ধে ইসরায়েলি বাহিনী গাজা উপত্যকা, পশ্চিম তীর এবং পূর্ব জেরুজালেম দখল করে নেয়। ১৯৮৩ সালে গাজার ইসরায়েলিদের বিরুদ্ধে ফিলিস্তিনিদের প্রথম ইতিফাহ বা অভ্যুত্থান শুরু হয়। সে বছর ইসলামপন্থী দল হামাস প্রতিষ্ঠিত হয় এবং পরে অন্যান্য অধিকতর অঞ্চলে ছড়িয়ে পড়ে। ১৩ সেপ্টেম্বর ১৯৯৩ ইসরায়েল ও ফিলিস্তিনের মধ্যে অসলো চুক্তি স্বাক্ষর হয়। যার মাধ্যমে জন্ম হয় ফিলিস্তিন জাতীয় কর্তৃপক্ষ (Palestinian National Authority-PNA)। ৫ চুক্তির মাধ্যমে গাজা থেকে সেনা প্রত্যাহারের পরিবর্তে, ইসরায়েলি রাষ্ট্রের বৈধতা স্বীকার করে নেয় ফিলিস্তিন সীমা সংস্থা Palestine Liberation Organization (PLO)।




অটোমান সাম্রাজ্যের সময়কাল ১২৯৯-১ নভেম্বর ১৯২২



স্বাধীনতাকামী সংগঠন হামাস

হামাস অর্থ 'উদ্যম'। এটি হারাকত আল-মুকাওয়াহাহ আল-ইসলামিয়া বা ইসলামি প্রতিরোধ আন্দোলনের সর্বাঙ্গীণ রূপ। ১৯৮৭ সালে গাজার ইসরায়েলিদের বিরুদ্ধে ফিলিস্তিনিদের প্রথম গণজাগরণের (ইতিফাহ) শুরু হয়। ১০ ডিসেম্বর ১৯৮৭ PLO নেতা শেখ আহমেদ ইসমাইল হাসান ইয়ুনিটের অধীনে হামাস সংগঠিত হয়। ১৯৮৮ সালে 'হামাস চার্টার' জারি করে যা দিয়ে সংগঠনটির যাত্রা শুরু হয়।



নুখবা ফোর্স

৭ অক্টোবর ২০২৩ ইসরায়েলে হামাসের অভিযানের পেছনে ছিল ফিলিস্তিনের স্বাধীনতাকামী দলটির বিশেষ শাখা 'নুখবা ফোর্স'। নুখবা ফোর্সের সদস্যরা টানেল দিয়ে ইসরায়েলে অপ্রবেশ করে অতর্কিত হামলা চালায়। এই ফোর্সটির নাম এদেশে আরবি ভাষা 'আল-নুখবা' শব্দ থেকে, যার অর্থ 'অভিজাত'। এর কমান্ডার হামাসের জেষ্ঠ নেতাদের সূক্ষ্মায় ও কাজ করে। ফোর্সটি হামাসের সামরিক শাখা ইজ আদ-দিন আল-কাসেম ব্রিগেডের প্রধান যুদ্ধ ইউনিটের অংশ।

রাফাহ রাসিফ

রাফাহ-মিসরের সীমান্ত মরুভূমি সংলগ্ন একটি সীমান্ত পথ যেটি গাজার সীমান্তের অর্ধাংশ। গাজা থেকে বের হওয়ার আরও দুটি সীমান্তপথ রয়েছে, যেগুলো পুরোপুরি ইসরায়েলের নিয়ন্ত্রণে এবং দুটোই এখন বন্ধ। ফলে রাফাহ সীমান্তটিই এখন বেসামরিক নাগরিকদের জন্য গাজা ত্যাগ করার একমাত্র স্থলপথ। ফিলিস্তিনিরা ইচ্ছা করলেই রাফাহ সীমান্ত পার হতে পারেন না। এজন্য তাদেরকে দুই থেকে চার সজাং আগে স্থানীয় ফিলিস্তিনি কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হয়।

সুড়ঙ্গ ফাঁদ

হামাস ২০০৭ সালে নিয়ন্ত্রণ নেওয়ার পর থেকেই গাজা শহর থেকে শুরু করে উপত্যকার অন্যান্য অঞ্চলে ভূগর্ভস্থ টানেলের একটি নেটওয়ার্ক তৈরি করে। আর এই টানেলগুলো ব্যবহার করেই এখন নুখবা ফোর্সের হামাসের অন্যান্য ফোর্সগুলো হামলা চালায়। পুরো গাজা উপত্যকায় হামাসের ৩০০ মাইলের সুড়ঙ্গ রয়েছে। দুর্ধর্ষ ইসরায়েলি বাহিনীর বিরুদ্ধে লড়াই করার পর বছর ধরে হামাস গাজার সুড়ঙ্গ নেটওয়ার্ক তৈরি ও সম্প্রসারণ করে। এটি লেবাননের শিরা ইসলামি রাজনৈতিক দল হিজবুল্লাহ থেকে অর্জন করা হয়। হামাস ১৯৮০-এর দশকে ইসরায়েলের আকাশসীমার আধিপত্য মোকাবিলায় প্রয়াসে দক্ষিণ লেবাননে অনুরূপ নেটওয়ার্ক তৈরি করে। এর মধ্যে কিছু টানেল গাজা থেকে সরাসরি সীমান্তের কাছে ইসরায়েলি সম্প্রদায়ের দিকে নিয়ে যাওয়া হয়। যার মাধ্যমে হামাস ইসরায়েলি অভিযানে সক্ষম হয়। সুড়ঙ্গগুলোর বেশিরভাগই এক মিটার চওড়া ও আড়াই মিটার উঁচু। ফলে একজন মানুষ সহজে এবেশ করতে পারে। অনেক ক্ষেত্রে সুড়ঙ্গগুলো ভূপৃষ্ঠের গভীর পর্যন্ত যায়। ভূপৃষ্ঠের ৩০ মিটার নিচে পৌঁছায়।

অটোমান সাম্রাজ্যের রাজধানী ছিল বুর্সা ও ইজানবুল

আমার স্বপ্নগুলো কেন এমন স্বপ্ন হয়




নাজমুল হোসা

পাইলট হওয়ার স্বপ্ন নিয়ে ভারতের তামিলনাড়ু রাজ্যের প্রত্যন্ত গ্রাম রামেশ্বররামের এক তরুণ ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে পঁচিশ জন প্রতিযোগীর মধ্যে নবম হয়েছিলেন। কিন্তু চূড়ান্তভাবে মনোনীত করা হয় ৮ জনকে! অল্পের জন্য ছিটকে পড়েন তিনি। তখন তার মনে হয়েছিল সারা জীবনের সব চেষ্টা যেন বিফল গেল। সৌন্দর্য সাহু শিবানন্দ তাকে সাহুনা দিয়ে বলেন, 'তোমার নিয়তিকে মেনে নাও, জীবনে এগিয়ে যাও। তুমি যা তাই হও'। সেই স্বপ্নবাজ তরুণই মিসাইলম্যান খ্যাত এপিজে আব্দুল কালাম একসময় পাইলট হতে না পেলে এ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ে হয়ে ওঠেন ভারতের প্রধানতম পরমাণু বিজ্ঞানী; পরবর্তীতে রাষ্ট্রপতি। ব্যাতিমান অনেকেই এরকম একসময় যা হতে চেয়েছিলেন, পারেননি; সফল হয়েছেন অন্য কাজে, অন্যখানে। এ নিয়ে ইউনিভার্সিটি অব ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার উপাচার্য ড. অমিত চাকমা বলেন, 'সবক্ষেত্রে তিন ধরনের কৌশল থাকে। প্রথমত যোগ্যতা, দ্বিতীয়ত কমনিটামেন্ট এবং তৃতীয়ত ক্যারেক্টার। জীবনে সফলতার জন্য 'ক্যারেক্টারই' অঙ্গল।' ভাসিটিতে আমাদের ক্লাসের রেজাল্ট লিস্টের শেষের দিকে থাকা বন্ধু এখন পৃথিবীর প্রথম সারির ফার্মা কোম্পানি ফুকরাটের ফাইজের চারকি করছে। এ বছর (২০২০) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা ইউনিট ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'সি' ইউনিট ভর্তি পরীক্ষায় প্রথম হয়েছে মেহরাজ হোসেন। অধ্যয়নক্রমে ভর জিপির ছিল মাত্র ৪.৮৯! আবার অন্যর্সে ২.৮৩ সিজিপিএ এবং মাস্টার্সে ২.৯০ সিজিপিএ নিয়ে মোঃ শরিফুল হকের ৪.১৩ অর্জিত। (২০২০) প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন! আজ যদি যা চেষ্টা করেও কিছু না পাও তবে তা আরেকদিন পাবে; আরেকটি বেশি পরিমাণে। প্রয়োজন শুধু প্রবল মনোবল নিয়ে পুরস্কৃত করা। তারপরও যদি না পাও বোঝাবে তোমার জন্য কিছু অন্যখানে। আসলে আমরা কেউ জানি না ভবিষ্যতে কী হবে, তথ্য কোথায় নিয়ে যাবে, কোনটা ভালো হবে। আমাদের পছন্দ, পরিকল্পনা ও প্রত্যাশার বাইরে অনেক কিছুই থাকে যা আমরা জানি না। এজন্য আল্লাহ তায়ালা নিজেরি বলেছেন, 'হয়তো তোমরা যা অপছন্দ করো তাই তোমাদের জন্য কল্যাণকর আর যা তোমরা পছন্দ করো, সেটা হতে পারে অকল্যাণকর। বহুত, আল্লাহ জানে। তোমরা জানো না।' (সূরা বাকারা, আয়াত ২১৬)।

- **কী পড়বে কী করবে**
মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস বলেছিলেন, 'তুমি যা পড়বে, সেটাই হবে তোমার সর্বেক্সক হ্রস্ব আয়তন কর। কারণ, সেটা তুমি ভালোবাসো।' তাই যেখানে যে বিষয়েই পড়ুন কেন মন দিয়ে আনন্দ নিয়ে পড়। যতটুকু পড় ধারাবাহিকতা যেন বজায় থাকে। একদিন দীর্ঘ সময় পড়াশোনা; বাকি এক সপ্তাহ পড়াশোনা বন্ধ, এমনটি করা যাবে না। অল্প সময় পড়লেও তা যেন হয় নিয়মিত। নিজ বিভাগের পড়াশোনার বাইরেও অসংখ্য বিষয়ে পড়াশোনা করা যায়। বিশ্ববিদ্যালয় জীবনে অসংখ্য বিষয়ের ওপর পড়াশোনার সুযোগ রয়েছে। সেটি যেমন অনলাইনে, তেমনি রয়েছে অফলাইনেও।
- **সহশিক্ষায় অংশ নাও**
বিশ্ববিদ্যালয় জরান অর্জনের স্থান, তাই বলে সারা দিন শুধু পড়াশোনা নিয়ে পড়ে থাকলেই চলবে না; বরং পড়াশোনার বাইরের বিষয়গুলো চর্চা করাও অতীব জরুরি। এজন্য সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ নাও। বিতর্ক আবিষ্কার, নাচ, গান, অভিনয়, যা ভালো লাগে তাই কর। দেখাবে, প্রতিযোগিতামূলক পরীক্ষায় বা পরবর্তীতে পেশাজীবনে পদোন্নতির দৌড়ে এগিয়ে থাকবে।
- **সংগঠনে যুক্ত হও**
বিরুদ্ধের বসেছিলেন, 'যুক্ত করো হে সবার সঙ্গে'। তাই সবার সাথে সম্পৃক্ত হতে যোগ দাও সংগঠনে। বিতর্ক ক্লাব, রক্তদাতা সংগঠন, ক্যারিয়ার ক্লাব, ন্যাটাল, সাহিত্য সংঘসহ এ ধরনের প্র্যাটিক্যালগোলাতে যুক্ত হও। সংগঠনের কাজের সঙ্গে জড়িত হলে বিভিন্ন ধরনের মানুষের সঙ্গে মেশার, তাদের সঙ্গে কাজ করার সুযোগ তৈরি হবে। টিমওয়ার্ক বা দলগত কাজ সম্পর্কেও চমৎকার ধারণা তৈরি হয় সংগঠন করার মাধ্যমে।
- **দক্ষতা বাড়াও**
বিশ্বায়নের এই যুগে প্রতিদায়িত্ব কম্পিউটার ও ইন্টারনেটের মতো প্রযুক্তির ব্যবহার ছাড়া একমুহূর্তও চলে না। পরিচরনীল বিশ্বব্যবস্থার সঙ্গে মানিয়ে নিতে তাই এদের ব্যবহারের জ্ঞান জরুরি। ছাত্র অবস্থায়ই কম্পিউটারের কিছু বেসিক সফটওয়্যারের কাজ শিখে রাখা দরকার। যেমন: ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেটের প্রভৃতি। ডিজিটাল এডিটিং, গ্রাফিক্স ডিজাইন, এনিমেশনে দক্ষ হও। যেকোনো একটা বিশেষ ভাষায় পারদর্শী হও। অল্পত ইংরেজিতে ভালোভাবে লেখা ও বলার অভ্যাস কর।

— লেখক, পরামর্শক ও যুগ্মপরিচালক, বাংলাদেশ ব্যাংক

অটোমান সাম্রাজ্যের সবচেয়ে শক্তিশালী শাসক সুলতান সুলেমান



বাংলাদেশ রেলওয়ের নতুন নেটওয়ার্ক

বাংলাদেশের ১৪ জেলায় মধ্যে ৪টি জেলায় রেলপথ চালু ছিল। ১০ অক্টোবর ২০২০ পর্বা রেল সেতু সংযোগ প্রকল্পের ঢাকা-ভাঙ্গা অংশের উদ্বোধনের মাধ্যমে আরও তিন জেলা যুক্ত হয় দেশের রেল নেটওয়ার্কে। এ তিন জেলা হলো— মুন্সীগঞ্জ, মানসিংগ ও শরীয়তপুর।

৪৬ জেলায় রেলপথ

জর্জ স্টিফেনসনের যুগান্তকারী প্রচেষ্টায় ২৭ সেপ্টেম্বর ১৮২৫ যুক্তরাজ্যে বিশ্বের প্রথম রেললাইন উদ্বোধন করা হয়। উনিশ শতকের মাঝামাঝিতে ভারতের ডাইনরয় লর্ড ডালহৌসি ভারতবর্ষে রেললাইন স্থাপন করেন। ১ আগস্ট ১৮৪৯ মেট্রি ইন্ডিয়ান পেনিনসুলার রেলওয়ে কোম্পানি মুম্বাইয়ে রেললাইন স্থাপন করে। ১৬ এপ্রিল ১৮৫০ লাইনটি উদ্বোধন করার মাধ্যমে ভারতবর্ষে রেলওয়ের যাত্রা শুরু হয়। ইস্টার্ন বেঙ্গল রেলওয়ে কলকাতা থেকে রানাঘাট পর্যন্ত লাইনকে বর্ধিত করে ১৫ নভেম্বর ১৮৬২ দর্শনা থেকে জগতী পর্যন্ত ৫৩.১১ কিমি রেললাইন উদ্বোধন করার মাধ্যমে বর্তমান বাংলাদেশে রেললাইন প্রতিষ্ঠিত হয়। বর্তমানে দেশের ৪৬টি জেলা রেল নেটওয়ার্কে যুক্ত রয়েছে।

দেশের প্রথম এলিকট ওভারপাস

ট্রেনে চট্টগ্রাম থেকে কক্সবাজার যেতে পার হতে হবে সোহাগাবাড়ী স্মৃতি কমপ্লেক্স অভ্যন্তর। চট্টগ্রাম-সোহাগাবাড়ী-কক্সবাজার বন্দর পর্যন্ত রেল প্রকল্পের উদ্বোধনের প্রায় ১০ কিমি অংশ এই অভ্যন্তরস্থার মধ্যে পড়বে। এ অভ্যন্তরস্থার নানা প্রকৃতির বন্যপ্রাণী সাক্ষরিত বিচরণ করে থাকে। বিশেষত হাতির অধিক বিচরণে যাত্রা বিঘ্ন না ঘটে একজন রেললাইনের ওপর দিয়ে নির্মাণ করা হয় 'এলিকট ওভারপাস'। এশিয়ার কোনো দেশে বন্যপ্রাণীর জন্য এমন উদ্যোগ নেওয়া এটিই প্রথম এলিকট ওভারপাস। ৯.৫০ মিটার উচ্চতা ও ১.০৯ মিটার প্রস্থের ওভার পাসের নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় ৫০ মিটার দীর্ঘ এলিকট ওভারপাস দিয়ে হাতির দল এক পাহাড় থেকে অন্য পাহাড়ে যাত্রায়ত করতে পারবে। ১২ নভেম্বর ২০২০ প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোহাগাবাড়ী-কক্সবাজার রেললাইন উদ্বোধন করবেন।



- বিভাগীয় রেলপথ
- **ঢাকা-১২টি** > মরিশাদী, গাজীপুর, ঢাকা, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, রাজবাড়ী, গোপালগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, মুন্সীগঞ্জ ও মানসিংগ।
 - **চট্টগ্রাম** > ৬টি > কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, চাঁদপুর ও চট্টগ্রাম।
 - **রাজশাহী-১৮টি** > সিরাজগঞ্জ, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, বগুড়া, জয়পুরহাট ও নওগাঁ।
 - **খুলনা** > ৫টি > যশোর, খুলনা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া।
 - **সিলেট** > ৪টি > সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ।
 - **রংপুর** > ৮টি > পঞ্চগড়, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর ও ফুঁডিয়ায়।
 - **মুন্সিংগ** > ৩টি > ময়মনসিংহ, জামালপুর ও নেত্রকোণা।


■ **বরিশাল** > একমাত্র বরিশাল বিভাগের কোনো জেলাতেই রেলপথ নেই।

রেল সংযোগের পথে ১৮ জেলা

- ৯ নভেম্বর ২০২০ মোংলা-খুলনা রেলপথ উদ্বোধন করার মাধ্যমে নতুন করে রেল সংযোগে যুক্ত হবে বাশেরহাট জেলা। ১৯১৮ সালে চালু হওয়া খুলনা-বাগেরহাট রেলপথ ১৯৯৮ সালে লোকসান দেখিয়ে পরিত্যক্ত ঘোষণা করা হয়। আর ২০১২ সালে সব স্থাবর-অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে এ সেকশনকে বিলুপ্ত ঘোষণা করা হয়।
- ১২ নভেম্বর ২০২০ চট্টগ্রামের সোহাগাবাড়ী-কক্সবাজার রেল প্রকল্প উদ্বোধন হলে পর্যটন নগরী কক্সবাজার রেল সংযোগের আওতায় আসবে।
- ২০২৪ সালে পদ্মা সেতু সংযোগের পুরো প্রকল্পের উদ্বোধন হলে যুক্ত হবে নড়াইল। আর ময়মনসিংহ-মুন্সিংগ রেলপথের উদ্বোধন হলে নতুন করে যুক্ত হবে মাগুরা জেলা।
- বর্তমানে সমীক্ষা সমাপ্ত হওয়া প্রকল্পের আওতায় রেলপথ নির্মিত হলে রেল সংযোগের আওতায় আসবে আট জেলা— সাতক্ষীরা, বরিশাল, রাঙ্গামাটি, ঝালকাঠি, পটুয়াখালী, বগুড়া, শিবগঞ্জ ও মেহেরপুর। অপরদিকে মানিকগঞ্জ জেলায় রেলপথ নির্মাণের সমীক্ষা কার্যক্রম অক্লান্তিভাবে আর ২০২৪ সালের মধ্যে সর্বশেষ ধাপে জেলায় পদ্মা নদীপূর, শেরপুর, বান্দরবান ও ঝাংড়াছড়ি জেলা রেল নেটওয়ার্কে যুক্ত হবে।

দেশের নদ-নদীর চিত্র

২৪ সেপ্টেম্বর ২০২৩ জাতীয় নদী রক্ষা কমিশন 'বাংলাদেশের নদ-নদী : সংজ্ঞা ও সংখ্যা' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন করে। বইটির আলোকে গুরুত্বপূর্ণ কিছু তথ্য নিয়ে আমাদের এ আয়োজন।



মোট নদ-নদী : ১,০০৮টি ♦ নদীপথ : ২২,০০০ কিমি ♦ দীর্ঘতম নদী : পদ্মা (৩৪১ কিমি)
 ♦ ক্ষুদ্রতম নদী : গাঙ্গিনা (০.০৩২ কিমি) ♦ সবচেয়ে বেশি নদী প্রবাহিত জেলা : সুনামগঞ্জ (৯৭টি নদী)
 ♦ দৈর্ঘ্যের তথ্য নেই : ৫৫টির ♦ সবচেয়ে বেশি উপজেলা দিয়ে প্রবাহিত নদী : মেঘনা (৩৬টি)
 ♦ সবচেয়ে বেশি জেলা দিয়ে প্রবাহিত নদী : পদ্মা (১২টি)।

নদ-নদীর সংজ্ঞা

'নদ বা নদী' বলতে পাহাড়, পর্বত, হিমবাহ, হ্রদ, ঝরনা, ছড়া বা অন্য কোনো জলাশয় বা জলধারা হতে প্রাকৃতিকভাবে উৎপন্ন হয়ে যে জলধারা সারাবছর বা বছরের কোনো কোনো সময় দুই তীরের মধ্য দিয়ে প্রাকৃতিকভাবে প্রবাহিত হয়ে সমুদ্র, মহাসমুদ্র, হ্রদ, অন্য কোনো জলাশয় বা জলধারায় পতিত হয় তাকে বোঝায়। তবে শর্ত থাকে যে উপর্যুক্ত সংজ্ঞায় যাই থাকুক না কেন ক্যাডেস্ট্রাল সার্ভে, রিভিশনাল সার্ভে ও বাংলাদেশ রিভিশনাল সার্ভে রেকর্ডে নদ বা নদী হিসেবে যা উল্লেখ হয়েছে তা নদ বা নদী হিসেবে গণ্য হবে।

নদ-নদীর সংখ্যা

নদ-নদীর সংখ্যা নির্ধারণে সরকারি সংস্থাগুলোর মধ্যে প্রথম উদ্যোগ নেয় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। ২০০৫ সালে 'পানিবিজ্ঞান' গ্রন্থে শনাক্তকরণ নম্বরসহ যে তালিকা প্রকাশ করা হয়, সেখানে নদ-নদীর সংখ্যা ছিল ৩১০টি। ২০১১ সালে পরবর্তী সংস্করণে ৪০৫টি নদ-নদীর কথা বলা হয়। অন্যদিকে স্বায়ত্তশাসিত গবেষণা সংস্থা CEGIS'র তথ্যানুসারে, দেশে নদ-নদীর সংখ্যা ৪৪৫। পানি বিশেষজ্ঞ প্রকৌশলী ম. ইনামুল হক রচিত 'বাংলাদেশের নদনদী' গ্রন্থে বলা হয়, দেশে নদীর সংখ্যা ১,১৮২। জাতীয় নদী রক্ষা কমিশনের গ্রন্থে ১,০০৮টি নদীর তথ্য রয়েছে।

দীর্ঘতম ১৪টি নদী

দেশে ২০০ কিলোমিটার বা তার বেশি দৈর্ঘ্যের নদী রয়েছে ১৪টি। যথা—


নাম	দৈর্ঘ্য (কিমি)	প্রবাহিত জেলা
পদ্মা	৩৪১	চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, কুষ্টিয়া, নাটোর, পাবনা, রাজবাড়ী, ফরিদপুর, মানিকগঞ্জ, ঢাকা, মাদারীপুর, মুন্সীগঞ্জ ও শরীয়তপুর
ইছামতি	৩৩৪	চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ ও সাতক্ষীরা
সাতক্ষীরা	২৯৪	বান্দরবান ও চট্টগ্রাম
ধলেশ্বরী	২৯২	টাঙ্গাইল, মানিকগঞ্জ, ঢাকা, নারায়ণগঞ্জ ও মুন্সীগঞ্জ
কুশিয়ারা	২৮৮	সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও কিশোরগঞ্জ
সুরমা	২৪৯	সুনামগঞ্জ ও সিলেট
ভৈরব	২৪২	চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, যশোর ও খুলনা
বংশাই	২৩৯	জামালপুর, টাঙ্গাইল, গাজীপুর ও ঢাকা
কপোতাক্ষ	২৩৮	ঝিনাইদহ, যশোর, খুলনা ও সাতক্ষীরা
পুরুল্ল প্রসঙ্গ	২৩০	গাইবান্ধা, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, গাজীপুর ও নরসিংদী
পুনর্ভবা	২২৩	নওগাঁ, দিনাজপুর, চাঁপাইনবাবগঞ্জ ও ঠাকুরগাঁও
মেঘনা	২২১	কিশোরগঞ্জ, হবিগঞ্জ, নরসিংদী, ব্রাহ্মণবাড়িয়া, নারায়ণগঞ্জ, কুমিল্লা, মুন্সীগঞ্জ, চাঁদপুর, লক্ষ্মীপুর, বরিশাল, শরীয়তপুর ও ভোলা
বঙ্গালী	২১৭	গাইবান্ধা, বগুড়া ও সিরাজগঞ্জ
নবগঙ্গা	২১৪	চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, খুলনা ও যশোর

ক্ষুদ্রতম ৩টি নদী

নাম	দৈর্ঘ্য (কিমি)	প্রবাহিত
গাঙ্গিনা	০.০৩২	হালুয়াঘাট (ময়মনসিংহ)
কলমদানী	০.০৪২	ফুলবাড়িয়া (ময়মনসিংহ)
ইটবাড়িয়া	০.১০০	পটুয়াখালী সদর

ইছামতি নামে ১১টি নদী

নাম	প্রবাহিত জেলা	দৈর্ঘ্য (কিমি)
	চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, যশোর ও সাতক্ষীরা	৩৩৪
	মানিকগঞ্জ, ঢাকা ও মুন্সীগঞ্জ	১২৯
	বগুড়া	৮০
	সিরাজগঞ্জ ও বগুড়া	৭৪
	পাবনা	৪৪
	বগুড়া	৩৭
	রাঙ্গামাটি ও চট্টগ্রাম	৩৭
	মুন্সীগঞ্জ ও নারায়ণগঞ্জ	৩৬
	দিনাজপুর	২৭
	ময়মনসিংহ	৫
	বাগেরহাট	৪



নোবেল পুরস্কার ২০২৩

মোট বিজয়ী: ১১ জন • পুরুষ ৭ ও নারী ৪ | পুরস্কার ১ প্রত্যেক বিভাগের নোবেলজয়ী প্রত্যেককে পাবেন একটি মেডেল, একটি সনদপত্র এবং ১ কোটি ১০ লাখ সুইডিশ ক্রোনা। যেসব বিভাগে একাধিক নোবেলজয়ী থাকবেন তাদের মধ্যে ১ কোটি ১০ লাখ সুইডিশ ক্রোনা বন্টন করে দেওয়া হবে।

চিকিৎসা বিজ্ঞান

ঘোষণা: ২ অক্টোবর ২০২৩



ক্যাটালিন কারিকো Katalin Karikó
জন্ম: ১৭ জানুয়ারি ১৯৫৫ • দেশ: হাঙ্গেরি
ড্রু ওয়াইজম্যান Drew Weissman
জন্ম: ৭ সেপ্টেম্বর ১৯৫৯ • দেশ: যুক্তরাষ্ট্র


করোনা ভাইরাসেরোধী কার্যকর mRNA ভ্যাকসিন গবেষণার জন্য

গবেষণার বিষয়বস্তু

আশির্ষ দশকেই গবেষণাগারে কোষ ছাড়া mRNA তৈরির পদ্ধতি আবিষ্কৃত হয়। একে বলা হয় ইন ভিত্রো ট্রান্সক্রিপশন mRNA। এই mRNA আবার সহজেই ভেঙে বা নষ্ট হয়ে যায়। তাই তৈরির পর একে দেহে প্রবেশ করানোর জন্য আবিষ্কৃত হয়েছে বিভিন্ন প্রযুক্তি। কিন্তু এগুলোর মারাত্মক পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়। কারিকো ও ওয়াইজম্যান ভেন্ড্রাইটিক কোষের সঙ্গে গবেষণাগারে তৈরি mRNA'র প্রতিক্রিয়া দেখেন। তারা দেখেন ভেন্ড্রাইটিক কোষ এই mRNA-কে ফরেন বস্তু বা দেহের বাইরে থেকে আসা বস্তু ভেবে তা নষ্ট করে। এরপর তারা mRNA'র বিভিন্ন রূপ বা বেসের পরিবর্তন ঘটিয়ে তার সঙ্গে ভেন্ড্রাইটিক কোষের প্রতিক্রিয়া দেখেন। তারা দেখলেন গবেষণাগারে তৈরি mRNA'র বেস পরিবর্তন করলে তা আর ভেন্ড্রাইটিক কোষের সঙ্গে প্রতিক্রিয়া ঘটায় না। ফলে mRNA আর নষ্ট হয় না আবার দেহে প্রদাহও সৃষ্টি করে না। তাদের গবেষণার এ প্রাথমিক ফলাফলগুলো ২০০৫ সালে প্রকাশিত হয়। ২০১৯ সালে প্রথম শুরু হয় করোনাভাইরাস বা সার্স-কোভ-২ (SARS-CoV-2) সংক্রমণ। ২০২০ সালের শুরুতে এটি মহামারির রূপ নেয়। অনেক কম সময়ে বিজ্ঞানীরা বেশ কয়েকটি ভ্যাকসিন উদ্ভাবন করেন। তার মধ্যে দুটি, ফাইজার-বায়োএনটিক এবং মডার্না ছিল mRNA ভ্যাকসিন। অতি দ্রুত তৈরি এবং অনুমোদনপ্রাপ্ত এই দুই ভ্যাকসিনের পেছনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে কারিকো ও ওয়াইজম্যানের আবিষ্কার। ভবিষ্যতে mRNA প্রযুক্তি ব্যবহার করে ক্যান্সার চিকিৎসার কাজও হতে পারে।

mRNA ভ্যাকসিন
মৃত বা দুর্বল ভাইরাস কিংবা ভাইরাসের অংশ দিয়ে ভ্যাকসিন তৈরির রীতি বহুদিন ধরে চল আসছে। এমনকি ভাইরাসের জেনেটিক কোড নিষ্ক্রিয় ভাইরাসে প্রবেশ করিয়েও ভ্যাকসিন তৈরি করা যায়। তবে এ ধরনের ভ্যাকসিন তৈরিতে প্রচুর গবেষণা ও সময় প্রয়োজন। অল্প মহামারিতে স্বল্প সময়ে ভ্যাকসিন তৈরিতে অনেক messenger ribonucleic acid (mRNA) প্রযুক্তির দিকে ঝুঁকেন। mRNA ভ্যাকসিন messenger RNA ভ্যাকসিন নামেও পরিচিত। এ ভ্যাকসিনে messenger RNA নাম জেনেটিক উপাদানের একটি ছোট টুকরো ব্যবহার করে শরীরের কোষগুলোকে টার্গেট করে ভাইরাসের একটি নির্দিষ্ট অংশ (প্রোটিন) তৈরি নির্দেশ দেয়। RNA-তে চারটি বেস রয়েছে যথা— অ্যাডিনিন (A), ইউরাসিল (U), গুয়ানিন (G) ও সাইটোসিন (C) এবং DNA-তে অ্যাডিনিন (A), থাইমিন (T), গুয়ানিন (G) সাইটোসিন (C) বেস রয়েছে। অর্থাৎ RNA-তে ইউরাসিল থাকে আর DNA-তে থাইমিন থাকে।

ড্রুকে ন্যাটোর প্রথম মুসলিম সদস্য রুট: ১৮ ফেব্রুয়ারি ১৯৫২




কোয়ান্টাম ডটের আবিষ্কার ও সংশ্লেষণের জন্য। তাদের এ কাজ ন্যানো প্রযুক্তিবিষয়ক মৌলিক গবেষণায় অবদান রেখেছে।

১৯৮১ সালে আলোকিত ইয়াকিমভ কপার ক্রোমাইড মিশিয়ে রঙিন কাচ তৈরি করেন। তিনি লক্ষ্য করেন, কপার ক্রোমাইডের ন্যানোকণার আকার ছোট-বড় করলে তার প্রভাব পড়ছে কাচের রঙে। কণা যত ছোট হয়, তত বেশি শুধু নেয় নীল আলো।

১৯৮৩ সালে লুই ব্রুস তৈরি করেন ক্যাডমিয়াম সালফাইডের ন্যানোকণার দ্রবণ। তিনি লক্ষ্য করেন, সন্ধ্যা তৈরি দ্রবণ ও কিছু পুরোনো দ্রবণের বৈশিষ্ট্য পার্থক্য তৈরি হচ্ছে। তিনি আরও আবিষ্কার করেন, ন্যানোকণার আকার ছোট হলে সেটি আরও বেশি নীলচে আলো শুধু নেয়।

১৯৯৩ সালে মুঙ্গি বাওয়েন্ট ড্রবণের মধ্যে নির্দিষ্ট আকারের ক্যাডমিয়াম সেলেনাইডের ন্যানোকণাসহ তৈরি করেন। এভাবে আরও মনুষ্য ও সমআকারের ন্যানোকণা উৎপাদন করা যায়। কোয়ান্টাম ডট তৈরির এ প্রক্রিয়া অনেক কার্যকর। তাই বিস্তৃত পরিসরে এর ব্যবহার বেড়েছে।

- **ন্যানো প্রযুক্তি:** আণবিক স্কেলে অতিমুদ্র ডিভাইস তৈরি করার জন্য ধাতব বস্তুকে কাজে লাগানোই হলো ন্যানো প্রযুক্তি। এক ন্যানোমিটার হলো এক মিটারের একশ কোটি ভাগের এক ভাগ।
- **কোয়ান্টাম ডট:** কোয়ান্টাম ডট হলো অর্ধপরিবাহী পদার্থের ন্যানোকণা। আকার অতি ক্ষুদ্র হওয়ায় এগুলোতে একই উপাদানে তৈরি বড় কণার চেয়ে ভিন্ন বৈশিষ্ট্য দেখা যায়। তাছাড়া আকারভেদে এগুলোর বৈশিষ্ট্য ভিন্ন হয়। যেমন— আলো শোষণ ও বিকিরণ নির্ভর করে এসব কণার আকারের ওপর। এগুলোর ইলেকট্রনগুলো একসঙ্গে সংকুচিত হওয়ার ফলে কোয়ান্টাম প্রভাব তৈরি হয়।
- **এ গবেষণা কেন এত গুরুত্বপূর্ণ:** QLED টিভিতে কোয়ান্টাম ডট ব্যবহার করে পর্যায আরও উজ্জ্বল রং দেখানো হয়। এ ছাড়া কিছু LED বাতিতেও এর ব্যবহার রয়েছে। ভবিষ্যতে নমনীয় (ফ্লেক্সিবল) ইলেকট্রনিক ডিভাইস, অতি ক্ষুদ্র সেন্সর ও পাতলা সৌরকোষ তৈরির মতো আরও নানা কাজে এটি ব্যবহার করা যাবে।



অধ্যাপক ক্লডিয়া গোল্ডিন Claudia Goldin
জন্ম: ১৪ মে ১৯৪৬ • দেশ: যুক্তরাষ্ট্র
• তিনি ১৯৯০ সালে প্রথম নারী হিসেবে হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে যোগ দেন।
শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ নিয়ে গবেষণার স্বীকৃতি হিসেবে

অধ্যাপক ক্লডিয়া গোল্ডিন ২০০ বছর সময়ে নারীর শ্রমশক্তিতে অংশগ্রহণ এবং তাদের আয় নিয়ে গবেষণা করেন। এই সময়ে শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ শুধু বেড়েছে-বিষয়টি মোটেও তেমন নয়, বরং এ-বিষয়ক রোখাচিহ্ন ইংরেজি 'ইউ' আকৃতির। কৃষিক্ষেত্র থেকে শিল্পক্ষেত্রে উত্তরণের সময় উনিশ শতকে বিবাহিত নারীদের শ্রমশক্তিতে অংশগ্রহণ কমে। এরপর বিশ শতকের শুরু থেকে সেরাভাবে পরিবর্তন হতে শুরু করে শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পায়। ক্লডিয়া গোল্ডিনের মতে, মূলত কঠোরমতান্ত্র পরিবর্তন এবং পরিবার ও সমাজে নারীর দায়িত্ব-কর্তব্যবিষয়ক সামাজিক বীতিনীতির পরিবর্তনের কারণে এমনটা হয়েছে। বিশ শতকে নারীর শিক্ষাগত যোগ্যতা ধারাবাহিকভাবে বেড়েছে। অধিকাংশ উচ্চ আয়ের দেশে নারী শিক্ষার মান পুরুষের চেয়ে বেশি। আরেকটি কারণে নারীর শ্রমশক্তিতে অংশগ্রহণের ক্ষেত্রে বৈষম্যিক পরিবর্তন এসেছে। সেটা হলো জন্মবিরতিকরণ সামগ্রী— যা নারীকে কারিয়ার নিয়ে পরিকল্পনা করার স্বাধীনতা দিয়েছে। এতদসঙ্গেও নীতিনির্ধারিত ধরে নারী-পুরুষের আয়ের ব্যবধান তেমন একটা কমছে না। এর আর্থিক কারণ শিক্ষাবিষয়ক সিদ্ধান্ত সাধারণত কম বয়সে নেওয়া।

ইসরায়েলকে স্বীকৃতিদানকারী প্রথম মুসলিম দেশ **তুরস্ক; ১৮ মার্চ ১৯৪৯**

পদার্থবিজ্ঞান

যোগা : ৩ অক্টোবর ২০২৩



পিয়ের আগোস্তিনি **Pierre Agostini**
জন্ম : ২৩ জুলাই ১৯৪১ ♦ দেশ : যুক্তরাষ্ট্র
ফেরেন্স ক্রাউজ **Ferenc Krausz**
জন্ম : ১৭ মে ১৯৬২ ♦ দেশ : হাঙ্গেরি
অ্যান লিয়ের **Anne L'Huillier**
জন্ম : ১৬ আগস্ট ১৯৫৮ ♦ দেশ : ফ্রান্স



পদার্থের ইলেকট্রন ডাইনামিকস গবেষণায় আলোর অ্যাটোসেকেন্ড স্পন্দন তৈরির পরীক্ষণ লব্ধ প্রক্রিয়া নিয়ে গবেষণার জন্য

গবেষণার বিষয়বস্তু

International System of Units (SI) অনুযায়ী, সময়ের একক সেকেন্ড। তবে বিজ্ঞানীরা ন্যানোসেকেন্ডের দৈর্ঘ্য ছাড়িয়ে এখন অ্যাটোসেকেন্ড নিয়ে গবেষণা করেছেন। ১ অ্যাটোসেকেন্ড হলো ১ সেকেন্ডের অর্থাৎ ১ সেকেন্ডকে ১০০ কোটি ভাগ করলে তার ১ ভাগকে আবার ১০০ কোটি ভাগ করলে তাই হবে। বিজ্ঞানীরা তাদের গবেষণায় উচ্চচাপে বিশেষ ধরনের গ্যাসকে একটি চেম্বারে উচ্চশক্তিতে প্রেরণ করার মাধ্যমে লেজার রশ্মিতে রূপান্তরিত করেন। লেজার রশ্মিতে রূপান্তর করার পর তড়িৎ চৌম্বকীয় তরঙ্গের মাধ্যমে উচ্চশক্তিসম্পন্ন স্পন্দন তৈরি করা হয়। যেখানে স্পন্দনগুলো একটি আরেকটির ওপর আপতিত হওয়ার ফলে কোয়ান্টাম সময় এর তীব্রতার মাত্রা বেড়ে যায় আবার কখনো খুবই নগণ্য রূপ ধারণ করে। একটা পর্যায়ে তারা খুবই ক্ষুদ্র সময়কাল স্বল্পমানের কম্পন পাওয়ার প্রক্রিয়াটা সম্ভব করেন। অর্থাৎ অ্যাটোসেকেন্ড পালস তৈরি করতে সক্ষম হন। মূলত পরমাণু অভ্যন্তরীণ ইলেকট্রনের গতি এত বেশি হয় যে, তার স্থান ও গতির পরিবর্তন মাপা কঠিন ছিল। এ তিন বিজ্ঞানী গবেষণার মাধ্যমে সংক্ষিপ্ত আলোর স্পন্দন সৃষ্টিতে সক্ষম হন, যেগুলোকে 'অ্যাটোসেকেন্ড' হিসেবে মূল্যায়ন করা হয়। সমস্ত সবচেয়ে সংক্ষিপ্ত পর্যায় এ 'অ্যাটোসেকেন্ড'। আলোক স্পন্দন তৈরির মাধ্যমে অ্যাটোসেকেন্ড প্রযুক্তির ব্যবহার পরমাণু মৌলিক গঠনে ইলেকট্রনের গতি বিশ্লেষণ, মৌলের গাঠনিক ও রাসায়নিক ধর্ম পর্যবেক্ষণ, মৌলিক পদার্থবিজ্ঞানকে আরও একধাপ এগিয়ে নেবে। এছাড়া আলট্রাফাস্ট প্রযুক্তি ও কোয়ান্টাম কম্পিউটারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

শান্তি

যোগা : ৩ অক্টোবর ২০২৩



নার্গিস মোহাম্মদি **Narges Mohammadi**
জন্ম : ২১ এপ্রিল ১৯৭২ ♦ দেশ : ইরান



নিপীড়িত নারীদের অধিকার আদায়ের সংগ্রাম এবং সকলের জন্য মানবাধিকার ও স্বাধীনতার প্রচারে অবদানের জন্য

পরিচিতি

কারাবন্দী মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদি ইরানের জাঞ্জানে জন্মগ্রহণ করেন। তিনি ইমাম খোমেনী আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিজ্ঞান নিয়ে পড়াশোনা করে একজন পেশাদার প্রকৌশলী হন। সরকারের সমালোচনা করার জন্য ১৯৯৮ সালে প্রথম গ্রেপ্তার হন। ২০০৩ সালে তিনি নোবেলজয়ী শিবির এবাদি প্রতিষ্ঠা Defenders of Human Rights Center (DHRC) এ যোগ দেন, পরে DHRC'র সহ-সভাপতি হন। ২০১০ সাল থেকে প্রায় ধারাবাহিকভাবে বন্দ থাকলেও কারাগার থেকেই তিনি নারীদের ওপর নির্যাতন ও নিপীড়নের ঘটনা প্রকাশ করে আসছেন। ইরান সরকার বিভিন্ন অভিযোগে এ পর্যন্ত ১৩ বার তাকে আটক করেছে, পাঁচবার দোষী সাব্যস্ত করেছে ও ৩১ বছরের কারাদণ্ডের পাশাপাশি ১৫৪টি বেত্রাঘাতের শাস্তিও দেয়। তারপরও অধিকার আদায়ের লড়াই থেকে বিচ্যুত হননি তিনি। 'গুজব ছড়ানোর' অভিযোগে সাজাপ্রাপ্ত হয়ে বর্তমানে তিনি কুখ্যাত এভিন কারাগারে ১০ বছরের সাজা ভোগ করছেন। এতেও তাকে দমানো যায়নি, বরং জেলে থেকেই রাজনৈতিক বন্দিদের উপর চালানো নিপীড়ন, নারীদের বিরুদ্ধে সহিংসতা ও যৌন হয়রানিমূলক আচরণের বিরুদ্ধে সোচ্চার হন। ২০২২ সালে মাহসা আমিনির মৃত্যুর পর ইরানজুড়ে শুরু হওয়া আন্দোলনেও জেলে থেকে তিনি সংগ্রহিত প্রকাশ করেন। তিনি কারাবন্দি থাকা অবস্থায় শান্তিতে নোবেলজয়ী পঞ্চম ব্যক্তি।

নাম	দেশ	সাল
কারাবন্দি থাকা অবস্থায় শান্তিতে নোবেলজয়ী অন্য ৪ জন		
কার্ল ভন ওজিয়েথস্কি	জার্মানি	১৯৩৫
অং সান সু'চি	মিয়ানমার	১৯৯১
লিউ জিয়াবো	চীন	২০১০
আলেস বিয়ালিয়াথস্কি	বেলারুশ	২০২২

তুরস্ককে এশিয়া ও ইউরোপ থেকে পৃথক করেছে বসফরাস এবং দার্দানেলিস প্রণালি

সাহিত্য

যোগা : ৫ অক্টোবর ২০২৩



জন ফসে

John Fosse

জন্ম : ২৯ সেপ্টেম্বর ১৯২৯ • দেশ : নরওয়ে

• তিনি বার্গেন বিশ্ববিদ্যালয় থেকে তুলনামূলক সাহিত্য নিয়ে স্নাতক করেন।

উদ্ভাবনী নাটক এবং ভাষাহীনের মুখে ভাষা দেওয়া গদ্যের জন্য



পরিচিতি

নরওয়ের লেখক, নাট্যকার ও কবি। তার জন্ম নরওয়ের পশ্চিম উপকূলের Haugesund এলাকায়। তিনি নাটক লেখার পাশাপাশি অসংখ্য উপন্যাস, কবিতা, প্রবন্ধ, শিশুদের বই এবং অনুবাদ করেছেন।

১৯৮৩ সালে সাহিত্যিক হিসেবে তার আত্মপ্রকাশ ঘটে 'রেড, ব্ল্যাক' উপন্যাসের মধ্য দিয়ে। আত্মহত্যার মনস্তাত্ত্বিক ভাষ্য তুলে ধরা এ উপন্যাসটিই তার পরবর্তী সাহিত্যিকর্মের সুর বেঁধে দেয়। ১৯৯৪ সালে তার প্রথম নাটক And We'll Never Be Parted বার্গেনের ন্যাশনাল থিয়েটারে মঞ্চস্থ হয়।

১৯৯৯ সালে ইউরোপে তিনি নাট্যকার হিসেবে খ্যাতি লাভ করেন। ঐ বছর প্যারিসে তার Nokon kjem til å komme (Someone Is Going to Come) নাটকটি মঞ্চায়িত হয়। এটিই তাকে ব্যাপক খ্যাতি এনে দেয়। জন ফসে ৪০টি নাটক রচনা করেন। তিনি সংগীতে বংশীবাদক হিসেবে কাজ করেন। লিখেছেন শিশুদের জন্য গানও।

তার উল্লেখযোগ্য পুরস্কার > নাইনর্ক সাহিত্য পুরস্কার (১৯৯২, ২০০৩) • ইবসেন পুরস্কার (১৯৯৬) • সুইডিশ একাডেমি নর্ডিক পুরস্কার (২০০৭) • ইউরোপীয় সাহিত্য পুরস্কার (২০১৪) • নর্ডিক কাউন্সিল সাহিত্য পুরস্কার (২০১৫) • ২০০৩ সালে ফ্রান্সের অর্ডার ডু ন্যাশনাল মেরিটে ভূষিত • ২০২২ সালে বুকার ইন্টারন্যাশনাল পুরস্কারের শর্ট লিস্টের তালিকায় ছিল তাঁর সিরিজ উপন্যাস 'আ নিউ নেম'। A New Name

• জন ফসের রচনার শৈলী একেবারেই তার নিজস্ব। সাহিত্যজগতে এ শৈলী 'ফস মিনিমালিজম' নামে পরিচিত।

• নরওয়েজীয় ভাষার লিখিত রূপের দু'টি স্ট্যান্ডার্ড বা মানদণ্ড প্রচলিত রয়েছে—Nynorsk (New Norwegian) এবং Bokmål। জন ফসে তার সাহিত্য চর্চার জন্য বেঁচে নেন Nynorsk।

• তার লেখা ৪০টিরও বেশি ভাষায় অনূদিত হয়।

• প্রথম উপন্যাস : Raudt, Svart (Red, Black); প্রকাশ ১৯৮৩।

• প্রথম নাটক : Og aldri skal vi skiljast (And We'll Never Be Parted); প্রকাশ ১৯৮৩।

• উল্লেখযোগ্য নাটক : Someone Is Going to Come, The Name, The Child, The Son, A Summer's Day, Dream of Autumn, Suzannah, I svarte skogen inne ইত্যাদি।

• উল্লেখযোগ্য গ্রন্থ : Morning and Evening, Wakefulness, Closed Guitar, Boathouse, Blood. The Stone Is, Lead and Water, Aliss at the Fire, Melancholy ইত্যাদি।

• তার সর্বশেষ সেমি অটোবায়োগ্রাফি A New Name : Septology সাত খণ্ডে তিনটি ভলিউমে প্রকাশিত হয়।

জানেন কি

• নরওয়ের চতুর্থ ব্যক্তি জন ফসে সাহিত্যে নোবেল পুরস্কার পান।

• নার্সিস মোহাম্মদি নোবেলজয়ী ৬৪তম নারী। শান্তিতে নোবেলজয়ী ১৯তম নারী। নোবেল জয়ী ১৫তম মুসলিম ব্যক্তিত্ব।

• শান্তিতে নোবেলজয়ী চতুর্থ মুসলিম নারী। শান্তিতে নোবেল জয়ী অষ্টম মুসলিম ব্যক্তিত্ব। নোবেলজয়ী দ্বিতীয় ইরানি। প্রথম শিরিন এবাদি (২০০৩ সালে, শান্তিতে)

• ক্যাথলিন ক্যারিকো চিকিৎসায় নোবেলজয়ী ১৩তম নারী

• অ্যান লিয়ের পদার্থে নোবেলজয়ী পঞ্চম নারী

• রসায়নে তৃতীয় মুসলিম নোবেলজয়ী মুঙ্গি বাওয়াল্ডি

• সাহিত্যে নোবেল বিজয়ী ১২০তম লেখক জন ফসে

• অর্থনীতিতে নোবেল পুরস্কারের আনুষ্ঠানিক নাম Severage Riksbank Prize যেটির অর্থায়ন করে সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক।



শিরিন এবাদি

• ক্রুডিয়া গোল্ডিন অর্থনীতিতে নোবেল বিজয়ী তৃতীয় নারী। এর আগে ২০০৯ সালে যুক্তরাষ্ট্রের ইলিনর অস্ট্রম এবং ২০১৯ সালে ফরাসি বংশোদ্ভূত মার্কিন নাগরিক এস্থার দফলো অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন।



ইলিনর অস্ট্রম

নোবেল বিজয়ী আপডেট

ক্যাটাগরি	পুরস্কার	একক	যৌথ	অয়ী	মোট বিজয়ী
পদার্থ	১১৭	৪৭	৩২	৩৮	২২৫
রসায়ন	১১৫	৬৩	২৫	২৭	১৯৪
চিকিৎসা	১১৪	৪০	৩৫	৩৯	২২৭
সাহিত্য	১১৬	১১২	৪	-	১২০
শান্তি	১০৪	৭০	৩১	৩	১১১+৩০*
অর্থনীতি	৫৫	২৬	২০	৯	৯৩
মোট	৬২১	৩৫৮	১৪৭	১১৬	১,০০০

* ২৭টি সংস্থা ৩০বার নোবেল পুরস্কার লাভ করে।



খেলাধুলা



২০৩০ ফুটবল বিশ্বকাপ ৩ মহাদেশে

২০৩০ ফুটবল বিশ্বকাপ ৩ মহাদেশে তিন মহাদেশের ছয় দেশে ২০৩০ ফুটবল বিশ্বকাপের আসর হবে। আসরের প্রথম তিনটি ম্যাচ অনুষ্ঠিত হবে দক্ষিণ আমেরিকার আয়োজক ৬ দেশ— ইকুয়েডর, স্পেন ও পর্তুগাল, উত্তর আমেরিকার মেক্সিকো এবং দক্ষিণ আমেরিকার পারাগুয়ে, উরুগুয়ে ও আর্জেন্টিনা দক্ষিণ আমেরিকার তিনটি দেশে টুর্নামেন্টের একটি করে ম্যাচ আয়োজন করে ৬ ম্যাচের একটি নল হবে আয়োজক দেশে বিশ্বকাপের ফাইনাল হবে স্পেনের মাদ্রিদ।

প্রথম ম্যাচের স্ট্রো উল্লেখের রাজধানী মাদ্রিদেও, দ্বিতীয় আর্জেন্টিনার বুয়েনোসাইরেসে এবং তৃতীয় ম্যাচ হবে পারাগুয়ের অসুন্সাইনে। এই তিন ম্যাচের ছয় দল এরপর আংশিক পর্বে নিয়ে বিশ্বকাপের বাকি ম্যাচগুলো খেলে মরক্কো, পর্তুগাল ও স্পেন। ২০৩০ সালে ফুটবল বিশ্বকাপের শুরুর আসর হবে অল নোভেম্বরে।

মোট ম্যাচ হবে ১০১টি। উল্লেখ্য ১৯৩০ সালে প্রথম ফুটবল বিশ্বকাপের আয়োজন করে। ৫ আসরের চ্যাম্পিয়ন হয় উল্লেখ্য ৪ অক্টোবর ২০২৩ ফিফার কাউন্সিলে এক নির্ধারিত সমঝোতা চুক্তি মহাদেশের ছয় দেশে বিতরণিত ফুটবল বিশ্বকাপ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০২৪ সালে জুরিখে ফিফার বার্ষিক কনগ্রেসে সেটি পাস হবে।

টি-২০ বিশ্বকাপের ১০ ডেন্মা চূড়ান্ত

প্রথমবারের মতো ত্রিকোণের বড় কোনো টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে (জুজুয়) দেশটির তিনটি ডেন্মা ২০২৪ সালের টি-২০ বিশ্বকাপে জমা প্রবেশ করা হচ্ছে। ৪ জুন ২০২৪ থেকে শুরু হওয়া প্রথমবারের মতো ২০ দলের টি-২০ বিশ্বকাপে দেশটির ডেন্মাও জমা হলো। ডেন্মার প্রাক্তন প্রেসিডেন্ট ফ্রোয়ড কাউন্সিল এবং নিউইয়র্কের নাস্টার্ট কাউন্সিল। ২০ সেপ্টেম্বর ২০২৩ আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC) এ তথ্য জানায়। বিশ্বকাপের আয়োজনে সহযোগী হিসেবে রয়েছে ওয়েস্ট ইন্ডিজ। ওয়েস্ট ইন্ডিজের সাত ডেন্মা হলো— আন্টিগা, বার্বাডোস, ডোমিনিকা, গায়ানা, সেন্ট লুসিয়া, সেন্ট ভিনসেন্ট, ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো।

ওয়েস্ট ইন্ডিজের নতুন ইতিহাস

২ অক্টোবর ২০২৩ অস্ট্রেলিয়ার নর্থ সিডনি ওভালে স্বাগতিকদের বিপক্ষে ১ বল বাকি থাকতে ৭ উইকেটের জয়ে মেয়েদের টি-২০ ক্রিকেটের নতুন ইতিহাস লিখে ওয়েস্ট ইন্ডিজ। মেয়েদের টি-২০তে ৪২৫ রানের ম্যাচই সর্বোচ্চ নতুন রেকর্ড। অস্ট্রেলিয়ার দেওয়া ১১৩ রানের লক্ষ্য পেরিয়ে এ রেকর্ড করে ওয়েস্ট ইন্ডিজ। এর আগের সর্বোচ্চ ছিল ২০১৮ সালে ইংল্যান্ড ও ভারতের ৩৯৭ রান। ব্রাবোর্নে ভারতের দেওয়া ১৯৯ রানের লক্ষ্য পেরিয়ে ইংল্যান্ড জয় লাভ করে, যেটি এতদিন ছিল সর্বোচ্চ রান তড়া করে জয়। অস্ট্রেলিয়া-ওয়েস্ট ইন্ডিজ ম্যাচে আলোচনা ছিল কোবি লিচফিল্ডের রেকর্ড ছোয়া ফিফটি। লিচফিল্ড ১৯ বলে ৫২ রান করে মেয়েদের টি-২০তে সৌফি ডিভাইনের দ্রুততম ফিফটির রেকর্ড ছুঁয়ে ফেলেন। আগের ম্যাচে ৯৯ রানে অপরাজিত থাকে ম্যাথুস এ ম্যাচে সের্বির পূর্ণ করেন ৫৭ বলে। আন্তর্জাতিক টি-২০তে এটি তার দ্বিতীয় সের্বির।



১৯তম এশিয়ান গেমস

• **বিশ্ব হাংকু, স্বাগতম নাপোয়া**
৮ অক্টোবর ২০২৩ স্বাগতিক দেশ চীনের হাংকু অর্ডেন পর্দা নামে ১৯তম এশিয়ান গেমসের ১৯ সেপ্টেম্বর ২০২৩ জাপানের অসুইসনাপোয়ায় অনুষ্ঠিত হবে ১৯তম এশিয়ান গেমস। এর ফলে ৩৩ বছর পর জাপানে দ্বিতীয় এশিয়ান গেমসের বড় ক্রীড়া ইভেন্ট। সর্বশেষ ১৯৯৪ সালে জাপানের কিয়োটোয় অনুষ্ঠিত হয় এশিয়ান গেমস।

• **শীর্ষ ৫ দেশের পদক তালিকা**

দেশ	স্বর্ণ	রৌপ্য	ব্রোণ	মোট
চীন	২০১	১১১	৭১	৩৮৩
জাপান	৫২	৬৭	৬৯	১৮৮
দ. কোরিয়া	৪২	৫৯	৮৬	১৮৭
ভারত	২৮	৩৮	৪১	১০৭
উজবেকিস্তান	২২	১৮	৩১	৭১

• **বাংলাদেশের অর্জন**
এশিয়ান গেমস ৭৫ বছর পার করলো। বাংলাদেশ প্রথম ১৯৭৮ সালে ব্যাংককে এশিয়াতে খেলে। ১২বার এশিয়াতে অংশ নিয়ে দলীয় ইভেন্টে বেশ কয়েকটি পদক জিতে খেলোয়াড়রা। ব্যক্তিগত ইভেন্টে ১৯৮৬ সিউল এশিয়াতে মোশাররফ হোসেনের জেতা ব্রোণ এখন পর্যন্ত দেশের হয়ে ব্যক্তিগত ইভেন্টে প্রথম পদক জয়। এবারের এশিয়াতে পদক তালিকায় ৪১ দেশের মধ্যে দুটি ব্রোণ পেয়ে ৩৭ নম্বর বাংলাদেশ।

পদক স্বর্ণ রৌপ্য ব্রোণ
পুরুষ (ক্রিকেট) ভারত আফগানিস্তান বাংলাদেশ
নারী (ক্রিকেট) ভারত শ্রীলঙ্কা বাংলাদেশ

ঐতিহাসিক আয়া সোফিয়া মসজিদ তুরস্কের অধীনে

নেপালের বিশ্ব রেকর্ড

• চীনের হাংকুতে এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে মাসেলিয়ার বিপক্ষে বিশ্ব রেকর্ড গড়ে নেপাল। ম্যাচের ৫০ বলে অপরাজিত ১৩৭ রানের সুবাদে নেপাল টসে বেহে প্রথমে ব্যাট করে ও উইকেটে ৩১৪ রান তুলে, যা টি-২০ ক্রিকেটে সর্বোচ্চ। এ ম্যাচে নেপালের জয় ২৭৩ রানে, যা টি-২০-তে সর্বোচ্চ রান ব্যবধানে জয়। টি-২০-তে আগের সর্বোচ্চ কোরাটি ছিল আফগানিস্তানের।

• টি-২০-তে দ্রুততম ফিফটির রেকর্ডটিতেও কবল নেপালের খেলোয়াড়ের নাম। ৯ বলে ফিফটি করার পরে যুবরাজ সিংয়ের রেকর্ড ভাঙেন দীপেন্দ্র সিং আইরি। যুবরাজ ভারবানে ২০০৭ বিশ্বকাপে ইংল্যান্ডের বিপক্ষে ১২ বলে ফিফটি করেন।

• দক্ষিণ আফ্রিকার ডেভিড মিলারের রেকর্ড ভেঙে টি-২০-তে দ্রুততম সের্বির করেন কুশল মারা। ৩৪ বলে সের্বির করেন তিনি।

সর্বোচ্চ দলীয় রানের তালিকা				
দেশ	কোর	প্রতিপক্ষ	ডেন্মা	সাল
নেপাল	৩১৪/০	মাসেলিয়া	হাংকু	২০২৩
আফগানিস্তান	২৭৩/০	আয়ারল্যান্ড	সেরাদুন	২০১৯
কেক প্রজাতন্ত্র	২৭৮/৪	তুরস্ক	লিফত কাউন্সিল	২০১৯
অস্ট্রেলিয়া	২৬৩/০	শ্রীলঙ্কা	প্যায়েলস	২০১৬
শ্রীলঙ্কা	২৬০/৬	কেনিয়া	জোহান্সবার্গ	২০০৭

বিবিধ

• ১২ সেপ্টেম্বর ২০২৩ অস্ট্রেলিয়াকে হারিয়ে ওয়ানডে ব্যাটসম্যানের শীর্ষে ওয়েস্ট ইন্ডিজের ডেভিড মিলার।

এতে তিন ফরমাটেই এক নম্বর দল হয়ে যায় ভারত। এর আগেই শীর্ষে ছিল স্ট্রেটস আর টি-২০তে। পুরুষদের ক্রিকেট ইতিহাসের দ্বিতীয় দল হিসেবে একই সময়ে তিন ফরমাটেই শীর্ষস্থান নিশ্চিত করে ভারত। ভারতের আগে এ রেকর্ড ছিল দক্ষিণ আফ্রিকার।

• বাংলাদেশের চতুর্থ ব্যাটার হিসেবে ওয়ানডে ক্রিকেটে ৫,০০০ রানের রানের নাম লেখান অভিজ্ঞ ব্যাটার মাহমুদুল্লাহ রিয়াদ। নিউজিল্যান্ডের বিপক্ষে ২৬ সেপ্টেম্বর ২০২৩ মিরপুরে ভারতের বাংলাদেশ জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে তৃতীয় ও শেষ ওয়ানডেতে ৫,০০০ রানের মাইলফলক সম্পন্ন করেন তিনি। ৩৭ বছর বয়সি মাহমুদুল্লাহর আগে বাংলাদেশের হয়ে ৫,০০০ রান পূর্ণ করেন তামিম ইকবাল, মুশফিকুর রহিম ও সাকিব আল হাসান।

• এক্সবিসির উদ্যোগে ৩০ সেপ্টেম্বর ২০২৩ ঢাকায় অনুষ্ঠিত শ্রে-বর্ডার চ্যাম্পিয়নশিপ ২.০ ফাইট নাইটে নেপালের মহেন্দ্র বাহাদুর চাঁদকে হারিয়ে প্রথম বাংলাদেশি বর্ডার হিসেবে পেশাদার বেস্ট লাভ করে সুর কল্প চাকমা। এশিয়ান বর্ডার ফেডারেশনের সুপার লাইটওয়েট ইন্টারকন্টিনেন্টাল চ্যাম্পিয়নশিপ জিতেছেন তিনি।

• আন্তর্জাতিক ও বীকুট টি-২০তে হোসেনের সর্বোচ্চ দলীয় সহায়ের রেকর্ড ৩১৪ রানের হয়, ১৯তম এশিয়ান গেমসে করে নেপাল। আর ২০২২ সালের মার্চে জিমসি চ্যাম্পিয়নশিপ কাপে সৌদি আরবের মেয়েদের বিপক্ষে ৩১৮ রান করে বাবাইনি। কিন্তু ১৩ অক্টোবর ২০২৩ এশব রেকর্ড ভেঙে দিয়ে চিলির বিপক্ষে ১ উইকেটে ৪২৭ রান তোলে আজোবিনা। হেলেন ও মেয়েদের বীকুট টি-২০তে এটাই সর্বোচ্চ রেকর্ড। সেই সাথে ৩৬৪ রানের বিশাল জয়ের রেকর্ডও গড়ে আজোবিনার মেয়েরা।



ঐতিহাসিক ট্রয় নাবারী তুরস্কের অধীনে